দৈনিক বাংলা

17

তারিখ ১৮/৪/৯৫
পৃষ্ঠা ৪ কলাম ৫

# ঢাকা ভার্সিটির অতীত ঐতিহ্য বজায় রাখুন ঃ এমাজউদ্দীন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অতীত ঐতিহ্য ও গৌরব বজায় রাখতে বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রী বর্তমানে যারা দেশের বিভিন্ন ক্ষেত্রে কর্মরত রয়েছেন তাদেরকে এগিয়ে আসার আহবান জানিয়েছেন।

তিনি শুক্রবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের বার্ষিক গ্রান্ড এসেম্বলী ও ঈদ পুনর্মিলনী '৯৫ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় একথা বলেন।

টিএসসি মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে এসোসিয়েশনের সভাপতি জাতীয় প্রফেসর ডঃ ইন্নাস আলীর সভাপতিত্বে এসোসিয়েশনের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করেন মোঃ নূরুল ইসলাম।

ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউদ্দীন আহমদ ঢাকা বিশ্ববিদ্যালয়কে নিজের প্রিয় প্রাঙ্গণ মনে করে এর সার্বিক উন্নয়ন কর্মকান্ডে সকলের সহযোগিতা কামনা করেন।

তিনি সন্ত্রাসকে বিশ্ববিদ্যালয়ের প্রধান সমস্যা বলে উল্লেখ করে, এই শিক্ষাঙ্গন থেকে সন্ত্রাস দূর করার জন্য সকলের প্রতি আহবান জানান।